

এস. এম. হেমায়েত উদ্দিন
ব্যবস্থাপনা পরিচালক



এস. এম. হেমায়েত উদ্দিন, ঢাকা কলেজ থেকে ১৯৭৩ সালে বিএসসি ডিগ্রী লাভ করেন। ঢাকা টিচার্স ট্রেনিং কলেজ থেকে ১৯৭৬ সালে প্রথম বিভাগে বিএড ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে তিনি এসিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এইউবি) থেকে ২০০৪ সালে ফিন্যান্স এন্ড একাউন্টিং এ এমবিএ ডিগ্রী লাভ করেন।

তিনি ১৯৭৭ সালে প্রবেশনায়ী অফিসার হিসেবে উত্তরা ব্যাংক লিঃ এ কার্যক্রম শুরু করেন এবং ১৯৮২ সালে একই ব্যাংকে বিভিন্ন শাখায় শাখা ব্যবস্থাপক হিসেবে ৬ বছর দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। ১৯৮২ সালে তিনি ইসলামী ব্যাংক (বিডি) লিঃ এ শাখা ব্যবস্থাপক হিসেবে বিভিন্ন শাখায় ১৯৯৫ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেছেন। অতপর ১৯৯৫ সালে এসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট হিসেবে সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ এ যোগদান করে ২০০৭ সালে ভাইস প্রেসিডেন্ট এবং সর্বশেষ এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট হিসেবে প্রিন্সিপাল শাখার ব্যবস্থাপক এবং প্রধান কার্যালয়ে বিনিয়োগ বিভাগ এর প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০৭ সালে থেকে ২০১১ সাল পর্যন্ত প্রিমিয়ার ব্যাংক লিঃ এ এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট হিসেবে আত্মবাদ শাখার ব্যবস্থাপক ও প্রধান কার্যালয়ের ক্রেডিট এডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট এর প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০১৩ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ এ চুক্তিভিত্তিক এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং ধানমন্ডি শাখা ব্যবস্থাপক হিসেবে কাজ করেছেন। ব্যাংকিং সেক্টরে তার সুদীর্ঘ ৪২ বছরের কর্ম অভিজ্ঞতা রয়েছে। চাকুরীকালীন সময়ে তিনি বিভিন্ন ট্রেনিং গ্রহণ করেছেন এবং দেশ ও বিদেশে ভ্রমণ করেছেন। তিনি গত ২১ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে আজিজ পাইপস্ লিঃ ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

এ এইচ এম জাকারিয়া
কোম্পানী সচিব ও
সহকারী মহাব্যবস্থাপক



এ এইচ এম জাকারিয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯০ সালে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ১৯৯৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে প্রশাসনিক কর্মকর্তা হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে ২০০৮ সালে ব্যবস্থাপক (প্রশাসন) হিসেবে এবং ১ জুলাই ২০১৮ তারিখের সহকারী মহাব্যবস্থাপক পদে পদোন্নতি পান। তিনি ০১ জানুয়ারী ২০১২ তারিখ থেকে সহকারী কোম্পানি সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন। কোম্পানির পরিচালনা পর্ষদের ২৩৫তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ২৮ অক্টোবর ২০২০ তারিখে কোম্পানি সচিব হিসেবে পদোন্নতি লাভ করেন।

মোঃ মোস্তফা কামাল
কারখানা ব্যবস্থাপক



মোঃ মোস্তফা কামাল, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৭ সালে বিএ পাস করেন। ১৯৯০ সালে আজিজ পাইপস্ লিমিটেডে প্রবেশনায়ী অফিসার হিসেবে যোগদান করেন এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োজিত থেকে তিনি তার দায়িত্ব পালন করেছেন। পরবর্তীতে সহকারী কারখানা ব্যবস্থাপক (প্রশাসন) থেকে পদোন্নতি লাভ করে ০৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখ থেকে সহকারী কারখানা ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি কারখানা ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোঃ রাশিদুল হাসান
ব্যবস্থাপক (ফিন্যান্স এন্ড হিসাব) ও প্রধান অর্থ কর্মকর্তা (সি.সি)



মোঃ রাশিদুল হাসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ সালে হিসাব বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি হক শাহ আলম মনসুর এন্ড কোং থেকে ২০১৮ সালে সিএ (সি.সি) কোর্স সম্পন্ন করেন। তিনি ২০১৭ সালে আয়কর পেশাজীবী হিসেবে জাতীয় রজস্ব বোর্ডে তালিকভুক্ত হয়েছেন। ২০১৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে হিসাবরক্ষক হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি ১২মে ২০১৮ তারিখ থেকে অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন। ২৮ অক্টোবর ২০২০ তারিখে ব্যবস্থাপক (ফিন্যান্স এন্ড হিসাব) পদোন্নতি লাভ করেন। তিনি বর্তমানে চলতি দায়িত্বপ্রাপ্ত প্রধান অর্থ কর্মকর্তার দায়িত্ব পালন করছেন।

পাভেল আহমেদ
অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা



পাভেল আহমেদ ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ২০০৮ সালে হিসাব বিজ্ঞান বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ২০১০ সালে আজিজ পাইপস্ লিমিটেডে হিসাবরক্ষক হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি ২৮শে অক্টোবর ২০২০ তারিখ থেকে অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোঃ রেজাউল ইসলাম
হেড অব শেয়ার ডিপার্টমেন্ট



মোঃ রেজাউল ইসলাম, দারুল ইহসান বিশ্ববিদ্যালয় থেকে ২০০৩ সালে মানব সম্পদ ব্যবস্থাপনা (এইচআরএম) বিষয়ে স্নাতক ডিগ্রী লাভ করেন। ১৯৯৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে কম্পিউটার অপারেটর হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি অফিসার (শেয়ার বিভাগ) হিসেবে পদোন্নতি লাভ করেন এবং ০১ ডিসেম্বর ২০১৩ তারিখ থেকে হেড অব শেয়ার ডিপার্টমেন্ট হিসেবে দায়িত্ব পালন করছেন। শেয়ার বিভাগে তাহার দীর্ঘ ১২ বৎসরের কর্ম অভিজ্ঞতা আছে।